দৈনিক ইত্তেফাক

তারিখ 25 AUG 1992
পৃষ্ঠা ৭ কলাম ৫

# কিণ্ডারগার্টেন সমিতির ৭-দফা

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ কিণ্ডার গার্টেন এসোসিয়েশন অবিলম্বে কিণ্ডারগার্টেন স্কুলগুলিকে সহজশর্তে রেজিষ্ট্রেশন প্রদান এবং কিণ্ডার গার্টেনের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদানসহ ৭-দফা দাবী

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## কিণ্ডারগার্টেন

(শেষ পৃঃ পর)

বাস্তবায়নের জন্য সরকারের প্রতি দাবী জানাইয়াছে। অন্যান্য দাবীর মধ্যে রহিয়াছে কিণ্ডার গার্টেন স্কুলের গ্যাস, বিদ্যুৎ ও পানির বিলের বাণিজ্যিকহার রহিতকরণ, রেজিষ্ট্রেশন প্রাপ্ত প্রতিটি কিণ্ডার গার্টেন স্কুলের জন্য ৫ জন শিক্ষকের বেতন সরকারীভাবে প্রদান, সহজশর্তে পরিত্যক্ত বাড়ী বা জায়গা কিণ্ডার গার্টেনের জন্য বরাদ্দ এবং কিণ্ডার গার্টেনের জন্য পৃথক পরিচালনা বোর্ড গঠন।

সাংবাদিক সম্মেলনে এসোসিয়েশনের মহাসচিব শাহজাদা মোহাম্মদ আলী বলেন, ৭ দফা দাবী বাস্তবায়িত না করিলে সমিতি আন্দোলন শুরু করিতে বাধ্য হইবে।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির চেয়ারম্যান তাহেরা খানম, ভাইস চেয়ারম্যান ইয়াসমিন রাব্বানী, যুগ্ম মহাসচিব এম, আর, দেওয়ান, সাংগঠনিক সম্পাদক মোঃ নূরুজ্জামান কায়েশ প্রমুখ।